গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা- ০৪
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০৪৬.২৭.০০৩.২৫- ৬৪৯

তারিখ: ৬০ /০৮/২০২৬ খ্রি.

**প্রজ্ঞাপন**

যেহেতু, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন শেরপুর সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট (পূর্বেকার পদঃ পটুয়াখালী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট)-এর ক্রাফট ইনস্ট্রাক্টর জনাব মোঃ সুমন তালুকদার বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউটের ক্রাফট ইনস্ট্রাক্টরদের নিয়ে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ০৪/০৯/২০২৪ তারিখে প্রেস ক্লাব-এ একটি সংবাদ সম্মেলন করেন এবং সংবাদ সম্মেলনের প্রেক্ষিতে কারিগরি শিক্ষাঙ্গনে বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হয়; এবং

যেহেতু, কারিগরি শিক্ষা অধিদপ্তরের ১০/০৯/২০২৪ তারিখের ৫৭.০৩.০০০০.০৪৬.২৭.০৬৯.২২-৬২৪ নং স্মারক মোতাবেক তাকে কারণ দর্শানো নোটিশ দেওয়া হয় এবং পটুয়াখালী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের ২৪/০৯/২০২৪ তারিখের পপই/সংস্থাপন/ব্যক্তি/৪৪২ নং স্মারক মোতাবেক অধ্যক্ষ, ক্রাফট ইনস্ট্রাক্টর জনাব মোঃ সুমন তালুকদারের কারণ দর্শানোর জবাবের অগ্রণীতকরণ পত্র মহাপরিচালক বরাবর প্রেরণ করেন;

যেহেতু, কারিগরি শিক্ষা অধিদপ্তরের ১০/০৪/২০২৫ তারিখের ৫৭.০৩.০০০০.০৪৬.২৭.০৩.২৫-২৮২ নং স্মারক মোতাবেক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং তিনি তার বিরুদ্ধে প্রস্তুতকৃত অভিযোগনামার জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের সুযোগ চান;

যেহেতু, তার আবেদনের প্রেক্ষিতে গত ২৪/০৮/২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহন করা হয় এবং বিভিন্ন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের ক্রাফট ইনস্ট্রাক্টরদের নিয়ে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে প্রেস ক্লাব-এ সংবাদ সম্মেলন এর বিষয়টি স্বীকার করেন;

সেহেতু, শেরপুর সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট (পূর্বেকার পদঃ পটুয়াখালী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট)-এর ক্রাফট ইনস্ট্রাক্টর জনাব মোঃ সুমন তালুকদার এর বিরুদ্ধে আনীত অভিযোগ তিনি ব্যক্তিগত শুনানিকালে নিজ মুখে স্বীকার করায় এবং তার কারণ দর্শানোর জবাব, লিখিত বক্তব্য ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর (২২) নং ধারা অনুযায়ি 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হওয়ায় "সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮" এর ৪(২)(খ) মোতাবেক তার ০১ (এক) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" রেখে লঘুদন্ড আরোপ করা হলো। তিনি উক্ত ০১ (এক) বছরের বেতন বৃদ্ধি কখনও প্রাপ্য হবেন না, ০১ (এক) বছর অতিক্রান্ত হওয়ার পর ২য় বছর হতে স্বয়ংক্রিয়ভাবে তিনি বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৬০.৮.২৬

(আবুল খায়ের মোঃ আক্কাস আলী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০৪৬.২৭.০০৩.২৫- ৬৪৯

তারিখ: ৬০ /০৮/২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
২. অধ্যক্ষ, শেরপুর সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, শেরপুর।
৩. অধ্যক্ষ, পটুয়াখালী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, পটুয়াখালী।
৪. ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস, ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস এর কার্যালয়,..................।
৫. ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়,.........।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্টদের ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।
৭. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৮. জনাব মোঃ সুমন তালুকদার, ক্রাফট ইনস্ট্রাক্টর, শেরপুর সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট।
৯. সংরক্ষণ নথি।

৩০/০৮/২৬
(মোঃ হুমায়ুন কবির)
সহকারী পরিচালক